দৈনিক বাংলা 16

তারিখ 06 MAY 1992
পৃষ্ঠা 6 কলাম 6

# ঢাকা ভার্সিটি বিকম কোর্সের নতুন সিলেবাস ঃ ক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিকম (পাস ও সাব-সিডিয়ারী) কোর্সের নতুন সিলেবাসের ব্যাপারে সরকারী কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ বাণিজ্য শিক্ষা সমিতি তীব্র আপত্তি জানিয়েছে।

সরকারী কলেজ শিক্ষক সমিতির আহবায়িকা অধ্যক্ষা জাহানারা বেগম এবং বাংলাদেশ বাণিজ্য শিক্ষা সমিতির আহবায়ক মোঃ আলী আজম ও সদস্য সচিব এনায়েত হোসেন পৃথক বিবৃতিতে বলেন, নতুন সিলেবাস প্রবর্তনের ফলে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন গভীর সংকটে পড়বে। নতুন সিলেবাস অনুযায়ী ১৯৯১-৯২ শিক্ষাবর্ষ থেকে বিকম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অর্থনীতি বিষয়টি বাদ দিয়ে ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, মার্কেটিং ও ফিন্যান্স বিষয়সমূহ থেকে যে কোন তিনটি বিষয়ে পড়াশুনা করতে হবে। ফলে ছাত্র-ছাত্রীদের বিকম (পাস ও সাবসিডিয়ারী) পড়তে হলে ফিন্যান্স অথবা মার্কেটিং বিষয় অবশ্যই নিতে হবে। অথচ কলেজসমূহে এই দুটি বিষয়ের কোনটিরই শিক্ষক নেই। এমতাবস্থায় অধিভুক্ত কলেজসমূহে নতুন সিলেবাস অনুযায়ী পাঠদান সম্ভব নয়।